# জিয়া পরিবারের ওপর নির্যাতনের চূড়ান্ত পরিণতি কোকোর মৃত্যু: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ফ্যাসিবাদী শাসনের চূড়ান্ত বহিঃপ্রকাশের কারণেই আরাফাত রহমান কোকোকে প্রাণ হারাতে হয়েছে। তিনি অভিযোগ করেন, জিয়াউর রহমানের পরিবারকে দীর্ঘদিন ধরে রাজনৈতিকভাবে হয়রানি ও নির্যাতনের শিকার হতে হয়েছে।

বুধবার (১২ আগস্ট) প্রয়াত ক্রীড়া সংগঠক ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছোট ছেলে আরাফাত রহমান কোকোর ৫৭তম জন্মবার্ষিকী উপলক্ষে তার সমাধিতে শ্রদ্ধা জানান রিজভী।

এ সময় তিনি বলেন, শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার জিয়াউর রহমানের পরিবারকে বিভিন্নভাবে চাপে রেখেছিল। মুক্তিযোদ্ধার পরিবার হওয়ায় জিয়া পরিবারের সদস্যদের পরিকল্পিতভাবে রাজনৈতিক ও সামাজিকভাবে কোণঠাসা করার চেষ্টা করা হয়েছে বলে দাবি করেন তিনি।

রিজভীর অভিযোগ, জিয়া পরিবারের দেশপ্রেম ও রাজনৈতিক ভূমিকা শেখ হাসিনা কোনোভাবেই মেনে নিতে পারেননি। এ কারণেই পরিবারের সদস্যদের ওপর ধারাবাহিকভাবে নির্যাতন ও হয়রানি চালানো হয়েছে।

তিনি আরও বলেন, আরাফাত রহমান কোকোর মৃত্যু কেবল একটি পরিবারের জন্য নয়, দেশের ক্রীড়াঙ্গনের জন্যও বড় ক্ষতি। তার স্মৃতি ও অবদান দীর্ঘদিন মানুষের মধ্যে বেঁচে থাকবে।